দৈনিক ইনকিলাব

৪

তারিখ ... 07 JAN 1990
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৮ ...

৮৬

# '৭৩-এর বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ সংস্কারের প্রয়োজন নেই

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি '৭৩-এর বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ সংস্কার প্রসঙ্গে বলেছে, এই অধ্যাদেশ পরিবর্তনের কোন প্রয়োজন নেই। তাছাড়া যে মুহূর্তে শিক্ষকগণ সেশনজট ও সন্ত্রাসসহ বিভিন্ন সমস্যা নিরসনের জন্য কাজ করে যাচ্ছেন, সে মুহূর্তে নতুন সমস্যা চাপিয়ে দিলে পরিস্থিতির আরও অবনতি ঘটবে।

বিবৃতিতে বলা হয়, সাম্প্রতিককালে বিশ্ববিদ্যালয়গুলোতে যে উদ্বেগজনক পরিস্থিতি মাঝে মাঝে লক্ষ্য করা গেছে, তার প্রধান কারণ ক্ষেত্রবিশেষে প্রশাসনিক অযোগ্যতা, প্রশাসনিক অপব্যবহার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের দায়িত্ব পালনে অপারগতা।

ডাকসুর ভিপি সুলতান মোহাম্মদ মনসুর ও জিএস মুশতাক হোসেন এক যুক্ত বিবৃতিতে বলেছেন, '৭৩-এর অধ্যাদেশ সংশোধনের যেকোন পদক্ষেপ ছাত্র সমাজ ও গণতন্ত্রকামী মানুষ দৃঢ়ভাবে রুখে দাঁড়াবে।